

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 27-02-2025**

**Time: 7-50 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

১) বিজেপি, আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ভোটার তালিকায় কারচুপি করছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে আজ দলীয় সভায় তিনি ভোটার তালিকা সংশোধন ও সংস্কারের জন্য একটি কমিটি গঠনের কথাও ঘোষণা করেন।

বিজেপি সহ বিরোধী দলগুলি মুখ্যমন্ত্রীর অভিযোগ খারিজ করে দিয়েছে।

২) ভুয়ো ভোটারের অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন আজ এক বৈঠকে বসে। জেলা প্রশাসনকে এব্যাপারে আরও সতর্ক থাকার নির্দেশ দিয়েছে কমিশন।

৩) আর জি কর-এর মতো নৃশংস ঘটনার তদন্তে সি বি আই সম্পূর্ণ ব্যর্থ বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন।

এদিকে, নির্যাতিতার বাবা-মা আজ দিল্লি গিয়ে সিবিআই-এর অধিকর্তার সঙ্গে দেখা করেন।

৪) পশ্চিম বর্ধমানের পানাগড়ে সড়ক দুর্ঘটনায় চন্দননগরের তরুণীর মৃত্যুর তিনিদিন পর গাড়ির চালক ও মালিক বাবলু যাদবকে পুলিশ আজ গ্রেফতার করেছে।

৫) কলকাতায় আজ শুরু হয়েছে প্রথম পূর্বোদয় সাহিত্য উৎসব।

০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ভোটার তালিকায় কারচুপি করছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ

করেছেন। নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে আজ দলীয় কর্মসভায় তিনি বলেন, নির্বাচন কমিশনের সহযোগিতায় কোন সমীক্ষা না করেই বিজেপি তাদের এজেন্সিকে দিয়ে অনলাইনে ভোটার তালিকায় ভুয়ো ভোটার যুক্ত করছে। তা ঠেকাতে দ্রুত ভোটার তালিকা সংশোধন ও সংস্কারের কাজ শুরু করতে মুখ্যমন্ত্রী দলীয় কর্মদের নির্দেশ দেন।

#### (বাইট - মুখ্যমন্ত্রী)

এছাড়া দলীয় সভাপতি সুব্রত বক্রির নেতৃত্বে রাজ্যস্তরের একটি কমিটি গঠনের কথাও ঘোষণা করেন তিনি। ভোটার তালিকা সংক্রান্ত কাজ করতে গিয়ে কোন সমস্যা হলে এবং কাজ করতে এগোল, তা নিয়ে প্রতিটি জেলা কমিটিকে নিয়মিত রিপোর্ট পাঠানোর নির্দেশ দেন মমতা।

ভোটের আগে এখন থেকেই প্রস্তুতি নিতে বুথস্টরের কর্মদের নির্দেশ দেন তিনি। মুখ্যমন্ত্রীর আরও অভিযোগ বিজেপি নিজেদের স্বার্থে দলের লোককে নিযুক্ত করে নির্বাচন কমিশনকে রাজনৈতিক রং দিয়েছে। কমিশনকে তিনি শ্রদ্ধা করেন বলে জানিয়ে, তাদের নিরপেক্ষভাবে কাজ করার আর্জি জানান মমতা।

এদিকে, বিজেপি মুখ্যমন্ত্রীর এই অভিযোগ খারিজ করে দিয়েছে। দলের নেতা সাংসদ শমীক ভট্টাচার্য আজ নদীয়ায় সাংবাদিকদের বলেন, এরাজ্যের ভোটার তালিকা ত্রুটি মুক্ত করতে তারা বন্ধপরিকর। ভোটার তালিকায় বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নাম ঢুকিয়ে নির্বাচনে জেতা যাবে না বলে তিনি স্পষ্ট উল্লেখ করেন।

#### (বাইট - শমীক)

বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারও দাবি করেছেন, মুখ্যমন্ত্রী আগামী দিনে ক্ষমতাচুত হওয়ার ভয় থেকে এই ধরনের মন্তব্য করেছেন। এতো দিন ত্রুটি কংগ্রেস-ই ভোটে কারচুপি ও ছান্না ভোট দিয়েছে, কিন্তু এখন তারাই বিজেপি-র বিরুদ্ধে ভুয়ো ভোট করানোর অভিযোগ আনছে।

আজকের বৈঠকে মাত্র ১৫ হাজার দলীয় কর্মীকে নিয়ে কিভাবে নির্বাচনী রণকোশল স্থির হল, সেই প্রশ্নও তোলেন তিনি।

## (বাইট - সুকান্ত)

কংগ্রেস নেতা প্রাক্তন সাসংদ অধীর রঞ্জন চৌধুরী মুখ্যমন্ত্রীর ভোটার তালিকায় কারচুপির অভিযোগের প্রেক্ষিতে বলেছেন, এরাজ্যে শুধু কারচুপি নয়, ভোট লুট হয়ে থাকে।

## (বাইট - অধীর)

সি পি আই এম-ও রাজ্যের ভুয়ো ভোটার নিয়ে মুখ্যমন্ত্রীর অভিযোগ খন্ডন করেছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম দাবি করেন, ভোটার তালিকায় নাম তোলা, সংশোধন ও বিয়োজনের কাজ রাজ্য সরকারের অধীন। জেলা প্রশাসন এই সমস্ত কাজ করে। গত বিধানসভা নির্বাচনে এই ভুয়ো ভোটার তালিকার ভিত্তিতেই বর্তমান সরকার ক্ষমতায় এসেছে কিনা সেই প্রশ্নও তোলেন তিনি।

## (বাইট - সেলিম)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় ভুয়ো ভোটারের নাম অন্তর্ভুক্ত করা নিয়ে তৃণমূল কংগ্রেসের অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন আজ বৈঠকে বসে। এই অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন জেলা প্রশাসনকে এ ব্যাপারে আরো সতর্ক হতে বলেছে। এই মর্মে কোনো অভিযোগ পেলেই তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

ভারপ্রাপ্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস রাজ্যের সব জেলার অতিরিক্ত জেলাশাসকদের সঙ্গে ভিডিও কনফারেন্সে ঐ বৈঠকে এই নির্দেশ দেন।

একই নম্বরের একাধিক এপিক কার্ডের অভিযোগ ওঠায় কেন্দ্রীয় কমিশনের কাছেও তা জানানো হয়েছে। ওই কার্ডগুলি নিয়ে তদন্ত করবে নির্বাচন কমিশন।

আগামী ৪ঠা মার্চ সব রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন নবনিযুক্ত মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। সেখানেও বিষয়টি নিয়ে আলোচনা হবে।

আজকের বৈঠকে রাজ্য নির্বাচন দফতরের অন্য আধিকারিকেরা এবং সব জেলার এডিএম এবং ইআরও উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৬-এর বিধানসভা নির্বাচনে আইপ্যাক তৃণমূল কংগ্রেসকে সহায়তা করবে। কলকাতায় আজ দলের কর্মী সম্মেলনের মধ্য থেকে সাংগঠনিক কাজে আইপ্যাককে ব্যবহার করার কথা ঘোষণা করে তৃণমূল নেতৃ দলীয় কর্মীদের সংস্থাটির বিরুদ্ধে বিরূপ মন্তব্য বন্ধ করতে নির্দেশ দিয়েছেন। দলীয় শৃঙ্খলার বাইরে কোনো কাজ করলে তা বরদান্ত করা হবে না বলেও স্পষ্ট জানিয়ে দিয়েছেন তিনি। এধরনের অভিযোগ সামনে এলে সংশ্লিষ্ট নেতার বিরুদ্ধে কঠোর শাস্তি মূলক ব্যবস্থা নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার, রাজ্যকে বিভিন্নভাবে বঞ্চনা করছে বলে দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছেন। নেতাজী ইন্ডোরে আজ দলীয় সভায় অভিষেক তার বিরুদ্ধে চার্জশীটের অভিযোগ নিয়ে তিনি বলেন, ইডি,সিবিআই-কে দিয়ে দলের নেতাদের হয়রান করা হচ্ছে। তিনি বলেন, চার্জশিট এই দুই জায়গায় নাম আছে। কিন্তু কোন পরিচয় উল্লেখ করা হয়নি।

(বাইট - অভিষেক)

২০২৬-এর বিধানসভা নির্বাচনে দল দুই - তৃতীয়ংশের বেশি আসন নিয়ে ফের ক্ষমতায় আসবে বলে অভিষেক মন্তব্য করেছেন। পাশাপাশি বিজেপি-তে যোগদান নিয়ে জল্লনাও খারিজ করে দিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গের ৩২ জন বিজেপি নেতার কেন্দ্রীয় নিরাপত্তা প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে স্বরাষ্ট্রমন্ত্রক। তালিকায় রয়েছেন প্রাক্তন সাংসদ জন বাল্লা, প্রাক্তন আই পি এস দেবাশিস ধর, শঙ্কুদেব পাণ্ডা। এছাড়াও মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া এবং

উত্তর দিনাজপুর জেলার বিজেপি সভাপতিদের কেন্দ্রীয় নিরাপত্তা প্রত্যাহার করা হচ্ছে বলে খবর। প্রত্যেকেই তিন থেকে ৬ জন করে কেন্দ্রীয় নিরাপত্তারক্ষী পেতেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এর মতো নৃশংস ঘটনার তদন্তে সি বি আই সম্পূর্ণ ব্যর্থ বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। তিনি আজ নেতাজী ইন্ডোরে দলীয় সভায় বলেন, ভোট এলেই কেন্দ্রীয় সংস্থাগুলি তৎপর হয়ে ওঠে। বিরোধী দলের নেতাদের নানাভাবে ভয় দেখানো হয়। তৃণমূল কংগ্রেস নেতা কর্মীদের বিভিন্ন মামলায় চার্জশিট পেশের ধূম পড়ে যায়। কিন্তু আর জি কর মামলয়া এখনও কেন ন্যায় বিচার মিললো না, সেই প্রশ্নও তোলেন তিনি।

(বাইট - মমতা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে নির্যাতিতা তরঙ্গী চিকিৎসকের বাবা-মা আজ দিল্লিতে কেন্দ্রীয় তদন্ত ব্যরো সিবিআই-এর অধিকর্তার সঙ্গে দেখা করেন। পরে তিনি সাংবাদিকদের বলেন সিবিআই-এর অধিকর্তা তাকে ন্যায় বিচারের আশ্বাস দিয়েছেন। সিবিআই-এর তদন্তের ওপরে তাদের আস্থা রয়েছে বলেও উল্লেখ করেন আর জি কর-এর নিহত চিকিৎসকের বাবা। এই প্রসঙ্গে তিনি স্থানীয় বিধায়ক, কমিশনার, প্রাক্তন পুলিশ কমিশনার এবং প্রধান অভিযুক্তের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানান। তাঁর মেয়ের ডেথ সার্টিফিকেট দেওয়া হচ্ছে না, অভিযোগ করে বাবা বলেন, এর পেছনে বড় রকমের একটা ষড়যন্ত্র রয়েছে। শীঘ্ৰই তা প্রকাশিত হবে। কলকাতা

পুলিশের কাছে যথেষ্ট সময় থাকা সত্ত্বেও তারা সঠিক তদন্ত করেনি। সমস্ত প্রমাণ লোপাট করেছে বলেও অভিযোগ করেন তিনি।

আগেই জানানো হয়েছে, মেয়ের ন্যায় বিচারের লক্ষ্যে নির্যাতিতার বাবা-মা আজ  
সকালে দিল্লি গেছেন। তাদের সঙ্গে আছেন, শিয়ালদা আদালতের আইনজীবীদের  
একটি দল এবং জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের চার চিকিৎসক।

ରତ୍ନା ହେଯାର ଆଗେ ବିମାନବନ୍ଦରେ ନିର୍ଯ୍ୟାତିତାର ବାବା-ମା ସାଂବାଦିକଦେର ବଲେନ,  
ମେଘେର ଖୁନ ଓ ଧର୍ଷଣେର ଘଟନାଯ ଅଭିଯୁକ୍ତରା ଶାନ୍ତି ପେଲେ ପାନାଗଡ଼େର ମତୋ ଘଟନା ଘଟତୋ  
ନା । ଓହି ଚିକିତ୍ସକେର ମା ବଲେନ -

## (বাইট- নির্যাতিতার মা)

oooooooooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের পানাগড়ে রবিবার গভীর রাতে সড়ক দুর্ঘটনায় চন্দননগরের তরণীর মৃত্যুর ঘটনার তিনদিন পর দুর্ঘটনায় জড়িত গাড়ির চালক ও মালিক ব্যবসায়ী - বাবলু যাদবকে পুলিশ গ্রেফতার করেছে। আজ দুপুরে তাকে অন্ডাল থেকে ধরার পর নিয়ে যাওয়া হয় কাঁকসা থানায়। সেখানে আসানসোল - দুর্গাপুর পুলিশ কমিশনারেটের আধিকারিকরা তাকে জিঞ্জাসাবাদ করছে।

## আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন -

(ভয়েসকাস্ট - তনুশ্রী)

উল্লেখ্য, চন্দননগরের বাসিন্দা সুতন্ত্রা চট্টোপাধ্যায় নামে ইভেন্ট ম্যানেজমেন্ট ওই কর্মী গাড়ি নিয়ে গয়ায় একটি কাজে যাচ্ছিলেন। রবিবার গভীর রাতে পানাগড়ের রাইস মিল মোড়ের কাছে তাঁর গাড়িটি দুর্ঘটনাগ্রস্ত হলে মৃত্যু হয় বছর ২৭-এর সুতন্ত্রার।

তার পরিবারের পক্ষ থেকে ইভিজিং-এর জেরেই দুর্ঘটনা বলে দাবি করা হলেও পুলিশ তা খারিজ করে দেয়।

আসানসোল দুর্গাপুরের পুলিশ কমিশনার সুনীল চৌধুরীর এক সাংবাদিক বৈঠকে দাবি করেন, সুতন্ত্রাদের গাড়ি অন্য একটি সাদা গাড়ির সঙ্গে রেষারেষি করতে গিয়েই দুর্ঘটনায় পড়ে।

পুলিশ সূত্রে আরও জানা গেছে, ওই সাদা গাড়িটি ব্যবসায়ী বাবলু যাদবের। তিনিই সেদিন চালকের আসনেই ছিলেন। দুর্ঘটনার পরই বাবলু এবং তার সঙ্গীরা গাড়ি রেখে পালিয়ে যায়।

এদিকে ফরেন্সিক বিভাগের ৬ সদস্যের একটি দল ঘটনার তদন্তে আজ কাঁকসা থানায় যায়। সেখানে রাখা দুর্ঘটনাগ্রস্ত গাড়ি দুটি পরীক্ষা ও নমুনা সংগ্রহ করেন তাঁরা। কথা বলেন থানার আধিকারিকদের সঙ্গেও।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যজুড়ে নারী নির্যাতন, খুন -ধর্ষণ, মহিলাদের নিরাপত্তা দিতে পুলিশি ব্যর্থতার প্রতিবাদে জেলা বিজেপি আজ দুর্গাপুরে ডি.সি. অফিস ঘেরাও করে। উপস্থিতি ছিলেন বিজেপির সাংগঠনিক বর্ধমান জেলা সভাপতি অভিজিৎ তা, দলের রাজ্য সাধারণ সম্পাদক বিধায়ক অগ্নিমিত্রা পাল, বিধায়ক লক্ষ্মন ঘোরাহু প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতায় আজ শুরু হয়েছে প্রথম পূর্বোদয় সাহিত্য উৎসব ২০২৫। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধীন ন্যাশনাল বুক ট্রাস্ট ও ইনসিটিউট অফ সোশ্যাল অ্যান্ড কালচারাল স্টাডিস সহ বিভিন্ন সংগঠনের যৌথ উদ্যোগে আইসিসিআর প্রেক্ষাগৃহে এই সাহিত্য উৎসব চলবে ১লা মার্চ পর্যন্ত। রাজ্যপাল সি ভি আনন্দ বোস সাহিত্য উৎসবের উদ্বোধন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা সাহিত্যের অন্যতম সেবক, রম্য রচনাকার, গবেষক, প্রাবন্ধিক, অনুবাদক ফাদার দ্য়তিয়েনের জন্মশতবার্ষিকী পালিত হলো আজ শান্তিনিকেতনে। বিশ্বভারতী-র বাংলা বিভাগ, সেন্ট জেভিয়ার্স কলেজ (স্বশাসিত) কলকাতা এবং সেন্ট জেভিয়ার্স কলেজ (কলকাতা) প্রাক্তনী সংসদের উদ্যোগে এই উপলক্ষে এক আলোচনা চক্রের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বিশিষ্ট রম্য রচনাকার কৃষ্ণ শৰ্বরী দাশগুপ্তকে ফাদার দ্যতিয়েন শতবার্ষিকী স্মারক সম্মান প্রদান করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মহাকুষ্টকে ঐক্যের মহাযজ্ঞ আখ্যা দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত তার ঐতিহ্য নিয়ে গর্বিত। একটি বুঝে আজ তিনি লিখেছেন, দেশ বর্তমানে এক নতুন শক্তি নিয়ে এগিয়ে চলেছে। প্রয়াগরাজে মহাকুষ্টের সাফল্যের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, ১৪৪ বছর পর মহাকুষ্টের এই পুন্য তিথিতে সাধু-সন্তরা, আরও একবার উন্নত ভারত-বিকশিত ভারতের বার্তা দিয়েছেন। ত্রিবেনী সঙ্গমে কোটি কোটি মানুষের সমাগম, গোটা বিশ্ব বিস্ময়ে দেখেছে। মহাকুষ্টে তরুণ প্রজন্মের অংশগ্রহণেই প্রমাণিত, আগামী দিনে তারা দেশের উন্নয়নের আলোকবর্তিকা হয়ে উঠেবে এবং ভারতের গৌরবময় সংস্কৃতি ও ঐতিহ্যের সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

হাজার হাজার বছর ধরে মহাকুষ্ট, ভারতের জাতীয় চেতনাকে শক্তিশালী করেছে বলে শ্রী মোদী মত ব্যক্ত করেন। একতার এই মহাকুষ্ট, জাতি-ধর্ম, গ্রাম-শহর, ধনী-দরিদ্র, নির্বিশেষে সর্বস্তরের মানুষের মিলন ক্ষেত্র হয়ে উঠেছে বলে উল্লেখ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০